# আল-আমিন বারীয়া কামিল মাদরাসা
# AL-AMIN BARIA KAMIL MADRASA

P.O.- Al Amin Baria Madrasa, P.S.- Chandgoan, Chattogram-4221
Tel: 01815-622004, EIIN-104231, E-mail: ismailnomanixp@gmail.com
www.abkm.edu.bd


Ref: নোটিশ- ৪৬/২৫ Date: তারিখ-১০/১২/২০২৫খ্রি.

এতদ্বারা অত্র আল-আমিন বারীয়া কামিল মডেল মাদ্রাসার সম্মানিত শিক্ষক-শিক্ষিকা, কর্মচারী ও শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস ও শীতকালীন অবকাশ উপলক্ষে আগামী ১৪/১২/২০২৫ খ্রি. রবিবার হতে ২৮/১২/২০২৫ খ্রি. রবিবার পর্যন্ত মাদ্রাসা বন্ধ থাকবে। বন্ধকালীন মাদরাসার হোস্টেল বন্ধ থাকবে। এ সময়ে কোন ছাত্র অনুমতি ব্যতিত হোস্টেলে অবস্থান করার সুযোগ নেই। ২৯/১২/২০২৫ খ্রি. হতে মাদ্রাসা খোলা থাকবে। খোলার তারিখ হতে উপরের সব ক্লাস যথা নিয়মে চলবে। সংশ্লিষ্ট সকলের উপস্থিতি একান্ত কাম্য।

আরো জানানো যাচ্ছে যে, আগামী ৩০/১২/২০২৫ খ্রি. মঙ্গলবার সকাল ১০টায় বার্ষিক পরীক্ষার ফলাফল আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হবে বিধায় ২৬/১২/২০২৫ খ্রিষ্টাব্দের মধ্যে নম্বর ইনপুট দিয়ে মূল্যায়নকৃত উত্তরপত্র ২৯/১২/২০২৫ খ্রি. সোমবার পরিচালকদের বরাবর জমা করার জন্য অনুরোধ করা হল।

আরো জানানো যাচ্ছে যে, ভর্তির আবেদ অনলাইনের মাধ্যমে চলছে। বন্ধের সময়ে তা তদরকি করবেন পরিচালকবৃন্দ।

ভর্তি পরীক্ষা ও ভর্তির সাক্ষাতকার ০৪/০১/২০২৬ খ্রি. রবিবার সকাল ১০টায়। ফলাফল প্রকাশ ০৫/০১/২০২৬ খ্রি. সোমবার সকাল ৯টায়। উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে ৭ জানুয়ারী ২০২৬ খ্রি. এর মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। উক্ত তারিখের পর ভর্তির সুযোগ থাকবে না।

আরো জানানো যাচ্ছে যে, নতুন বই, ব্যাজ ও ডায়রী এক সাথে ০১ জানুয়ারী ২০২৬ খ্রি. সকাল ৯টায় আনুষ্ঠানিকভাবে মাদ্রাসা প্রাঙ্গণে প্রদান করা হবে। আগামী ০৪ জানুয়ারী ২০২৬ খ্রি. রবিবার হতে নতুন ক্লাস কার্যক্রম চালু হবে। নির্দিষ্ট ইউনিফর্ম ছাড়া ক্লাসে প্রবেশের অনুমতি নেই। সম্মানিত শ্রেণিশিক্ষকরা ফলাফল শীট থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের নাম হাজিরা খাতায় উত্তোলন পূর্বক সকল শিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিত করবেন। সেশন ফি ব্যাংকে জমা দিয়ে জমা স্লিপ এবং পুরানো বই মাদ্রাসার লাইব্রেরীয়ান মাওলানা আবু রিদওয়ান ও মুহাম্মদ মুফিজুর রহমান সাহেবের নিকট জমা দিয়ে নতুন বইয়ের জন্য ফরম সংগ্রহ পূর্বক নতুন বই সংগ্রহ করতে হবে।

আরো জানানো যাচ্ছে যে, আগামী ১১/০১/২০২৬ খ্রি. আলিম ২য় বর্ষের নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা যথাসময়ে আরম্ভ করার লক্ষ্যে আগামী ০৫/০১/২০২৬ খ্রিষ্টাব্দের মধ্যে প্রশ্নপত্র কম্পোজ করে উপাধ্যক্ষ ও পরিচালক (উচ্চ স্তর) বরাবর জমা দেয়ার জন্য সংশ্লিষ্ট বিষয় শিক্ষকদের অনুরোধ করা হলো। ফলাফল প্রকাশ করা হবে আগামী ০৯/০২/২০২৬ খ্রি.। আগামী ০৯/০১/২০২৫ খ্রি. পরীক্ষা ফি ও মাসিক বেতন ১ম বর্ষ এবং ২য় বর্ষ মিলে মোট দুই বছরের টাকা ব্যাংকে জমা দিয়ে রশিদ প্রদর্শন পূর্বক শ্রেণিশিক্ষক থেকে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য শিক্ষার্থীদের নির্দেশ দেয়া যাচ্ছে। প্রবেশপত্র ব্যতিত শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না

আরো জানানো যাচ্ছে যে, আগামী ১৬ ডিসেম্বর-২০২৫ মহান বিজয় দিবস উদযাপনের জন্য নিম্নলিখিত উপকমিটি গঠন করা হলো।

১। সর্বজনাব মুহাম্মদ মিশকাত, ২। মুহাম্মদ আল কামাল, ৩। মুহাম্মদ ফরমান উদ্দিন, ৪। মুহাম্মদ শাহ আলম।

শিক্ষক-শিক্ষার্থীদের সকাল ৭টায় মাদরাসা ক্যাম্পাসে উপস্থিত থাকতে হবে। মহান বিজয় দিবস উপলক্ষে অত্র মাদ্রাসায় নিম্নলিখিত কর্মসূচি পালিত হবে।

১। জাতীয় পতাকা উত্তোলন। ২। আলোচনা সভা, সকাল ৭.৩০টায় শুরু।

৩। কবিতা, হামদ ও নাত আবৃতি।

৪। দোয়া ও মোনাজাত।

অতএব, উপরোক্ত সকল বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি।

| ক্রম | শিক্ষক-শিক্ষিকার নাম | স্বাক্ষর | ক্রম | শিক্ষক-শিক্ষিকার নাম | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | মুহাম্মদ আব্দুল আজিজ আনোয়ারী | | ২৬ | মুহাম্মদ লোকমান হোসাইন | |

CamScanner